কালের কণ্ঠ

তারিখ ..2.4.MAR.2015...
পৃষ্ঠা ...১... কলাম ...৪...

# আরো দুটি মেডিক্যাল বিশ্ববিদ্যালয় হচ্ছে

নিজস্ব প্রতিবেদক ▷

চিকিৎসা বিষয়ে উচ্চশিক্ষা ও গবেষণার সুযোগ বাড়াতে চট্টগ্রাম ও রাজশাহীতে দুটি মেডিক্যাল বিশ্ববিদ্যালয় চালু করার জন্য দুটি আলাদা খসড়া আইনের নীতিগত অনুমোদন দিয়েছে মন্ত্রিসভা। চট্টগ্রাম ও রাজশাহী মেডিক্যাল কলেজ তাদের স্বতন্ত্র ধারায় থাকবে। নতুন বিশ্ববিদ্যালয় দুটি হবে আলাদা প্রতিষ্ঠান। প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে গতকাল সোমবার মন্ত্রিসভার বৈঠকে 'চট্টগ্রাম মেডিক্যাল বিশ্ববিদ্যালয় আইন, ২০১৫' ও 'রাজশাহী মেডিক্যাল বিশ্ববিদ্যালয় আইন, ২০১৫'-এর খসড়ার নীতিগত অনুমোদন দেওয়া হয়।

এ দুটি বিশ্ববিদ্যালয় স্থাপিত হলে দেশে চিকিৎসা বিষয়ে উচ্চশিক্ষা প্রতিষ্ঠানের সংখ্যা হবে তিনটি। ১৯৯৮ সালে চিকিৎসা বিষয়ে দেশে প্রথম উচ্চশিক্ষা প্রতিষ্ঠান বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয় (বিএসএমএমইউ) চালু করা হয়।

মন্ত্রিসভার বৈঠক শেষে মন্ত্রিপরিষদের সচিব মোশাররাফ হোসাইন ভূঁইঞা সাংবাদিকদের ব্রিফ করেন। তিনি জানান, চট্টগ্রাম ও রাজশাহী মেডিক্যাল কলেজসহ আঞ্চলিক মেডিক্যাল কলেজগুলো এ দুটি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত হবে। মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ে স্নাতকোত্তর পর্যায়ের পাঠদান করা হবে। ব্যাচেলর (এমবিবিএস কোর্স) ডিগ্রি থাকবে

▶▶ পৃষ্ঠা ৮ ক. ৫

## আরো দুটি

▶▶ প্রথম পৃষ্ঠার পর

কলেজে। তবে নার্সিংয়ের ব্যাচেলর ডিগ্রি দেওয়া হবে বিশ্ববিদ্যালয় থেকে। বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়েও একই নিয়ম চলছে। কেবল বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয় দেশে ক্রমবর্ধমান বিশেষজ্ঞ চিকিৎসক তৈরির চাহিদা মেটাতে পারছে না বলেই এ উদ্যোগ নেওয়া হয়েছে। বিশ্ববিদ্যালয়ের আচার্য হবেন রাষ্ট্রপতি। উপাচার্যের মেয়াদ হবে চার বছর। একজন পরপর দুই মেয়াদে উপাচার্য থাকতে পারবেন। বিশ্ববিদ্যালয়ে উপ-উপাচার্য থাকবেন দুজন। এ ছাড়া পরিচালনার জন্য অন্যান্য বিশ্ববিদ্যালয়ের মতোই সিন্ডিকেট, একাডেমিক কাউন্সিল, ডিনস কমিটি, কারিকুলাম কমিটি ইত্যাদি কর্তৃপক্ষ থাকবে।

নতুন দুটি বিশ্ববিদ্যালয়ের সঙ্গে হাসপাতাল থাকবে কি না জানতে চাইলে মন্ত্রিপরিষদের সচিব জানান, আইনে এ বিষয়ে কিছু বলা নেই। তবে হাসপাতাল থাকতে হবে। আপাতত হাসপাতাল স্থাপন না করেও চট্টগ্রাম ও রাজশাহী মেডিক্যাল কলেজ হাসপাতাল ব্যবহার করে বিশ্ববিদ্যালয়ের কার্যক্রম শুরু করা যাবে। পরে বিশ্ববিদ্যালয়ের নিজস্ব হাসপাতাল হবে।